"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩১.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮-৪৮৬ তারিখঃ ২৫/১১/২০২০খ্রিঃ

**বিষয়ঃ "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের ক্লাবসমূহ চালুকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারীর কারণে "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" শীর্ষক প্রকল্পের ক্লাবসমূহ বিগত ২৫/০৩/২০২০ তারিখ থেকে বন্ধ রয়েছে। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে বাল্যবিবাহ প্রতিরোধ, ইভটিজিং, নারী নির্যাতনসহ বিভিন্ন সামাজিক ব্যাধি প্রতিরোধের জন্য এবং সচেতনতা বৃদ্ধির জন্য ক্লাব সমূহ চালুকরা প্রয়োজন। উল্লেখ্য যে, গত ১৭/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় কিশোর-কিশোরী ক্লাব সমূহ সীমিত পরিসরে হলেও স্কুলের শ্রেণী কক্ষের বাহিরে, খোলা মাঠে অথবা স্কুল সংলগ্ন যেকোন উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্লাব সমূহের কার্যক্রম চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাব সমূহ যাতে, ডিসেম্বর ২০২০ মাসের প্রথম সপ্তাহ হতে চালু করা যায়, সে বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

[স্বাক্ষর] ২৫/১১/২০২০
(পারভীন আক্তার)
মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

প্রাপক,
উপ-পরিচালক, (সকল জেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর।

অনুলিপিঃ
১. প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
২. সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।